গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রধান কার্যালয়
৪১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০
Website: www.dnc.gov.bd

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ (সিটিজেন চার্টার-এর উন্নয়ন, পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন ও হালনাগাদকরণ) কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মো: মাসুদ হোসেন, পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা) (অতিরিক্ত দায়িত্ব) |
| তারিখ ও সময় | : | ২৫ মে, ২০২৩ তারিখ, বিকাল ০৩.১৫ ঘটিকা |
| সভার স্থান | : | অধিদপ্তরের সম্মেলন কক্ষ (লেভেল-২) |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতি কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও সদস্য সচিব উপপরিচালক (প্রশাসন) কে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সিটিজেন চার্টার-এর উন্নয়ন, পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন ও হালনাগাদকরণ বিষয়ে প্রয়োজনীয় তথ্যাদি সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

০২। উপপরিচালক (প্রশাসন) গত ০৭/০৩/২০২৩ তারিখে এ বিষয়ে অনুষ্ঠিত ৩য় সভায় গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি নিম্নবর্ণিতভাবে উপস্থাপন করেন :

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ২.১ | অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতির নাগরিক সেবার ৪নং কলামে প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান অংশের ক্রমিক ২.১(১১)-এ **সুগার এন্ড ফুড ইন্ডাস্ট্রিজ কর্পোরেশনের অনাপত্তিপত্র**-অন্তর্ভুক্ত করতে হবে। | অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতির নাগরিক সেবার ৪নং কলামে প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান অংশের ক্রমিক ২.১(১১)-এ **সুগার এন্ড ফুড ইন্ডাস্ট্রিজ কর্পোরেশনের অনাপত্তিপত্র**-বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়েছে। |
| ২.২ | অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতির নাগরিক সেবার ৪নং কলামে প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান অংশের ক্রমিক ২.১(১২)-এ **ফায়ার লাইসেন্সের হালনাগাদ কপি**-অন্তর্ভুক্ত করতে হবে। | অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতির নাগরিক সেবার ৪নং কলামে প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান অংশের ক্রমিক ২.১(১২)-এ **ফায়ার লাইসেন্সের হালনাগাদ কপি**-বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়েছে। |
| ২.৩ | সেবা প্রদানের সময়সীমার ক্ষেত্রে দিন/মাসের পরিবর্তে কার্যদিবস উল্লেখ করতে হবে, তবে আইন/বিধিতে দিন বা মাসের উল্লেখ থাকলে তা সংযোজন করতে হবে। | সেবা প্রদানের সময়সীমার ক্ষেত্রে আইন/বিধি অনুযায়ী কার্যদিবস উল্লেখ করা আছে। |
| ২.৪ | প্রয়োজনীয় আবেদন ফর্ম লিংক আকারে সংযুক্ত করতে হবে। | প্রয়োজনীয় আবেদন ফর্ম লিংক আকারে সংযুক্ত করা হয়েছে। |
| ২.৫ | সেবা প্রদানকারীর বিবরণ [সেবা প্রদানকারীর নাম, যোগাযোগের জন্য ফোন নম্বর (অফিসের ফোন ও মোবাইল নম্বর)] ই-মেইল ও পদবী সংযোজন করতে হবে। | সেবা প্রদানকারীর বিবরণ [সেবা প্রদানকারীর নাম, যোগাযোগের জন্য ফোন নম্বর (অফিসের ফোন ও মোবাইল নম্বর)] ই-মেইল ও পদবী সংযোজন করা হয়েছে। |
| ২.৬ | ত্রৈমাসিক ভিত্তিতে অধিদপ্তরের স্বাক্ষরিত সেবা প্রদান প্রতিশ্রুতি প্রমাণক হিসাবে সংরক্ষণ করতে হবে। | গত ১৪/০৩/২০২৩ তারিখে স্বাক্ষরিত হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি প্রমাণক হিসাবে নথিতে সংরক্ষণ করা হয়েছে এবং ১৯/০৩/২০২৩ তারিখ তা অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। |

০৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ৩.১ | অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতির ক্রমিক ২.১(৯)-এ নাগরিক সেবার ৪নং কলামে প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান অংশে **'বিষ্ফোরক লাইসেন্সের কপি'**-অন্তর্ভুক্ত করতে হবে। | পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)/ সহকারী প্রোগ্রামার |

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ৩.২ | অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতির নাগরিক সেবার ক্রমিক ৩৩-এ অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ এর ফরম নং-২/৯ ও ২/১০ অনুযায়ী **'দেশিমদ/বিলাতিমদ পানের পারমিট প্রদান** (মুসলিম/অমুসলিম/বিদেশী নাগরিক)' সংক্রান্ত সেবাটি বিদ্যমান সিটিজেন চার্টারে অন্তর্ভুক্ত করতে হবে। পাশাপাশি আবেদন ফর্ম লিংক আকারে সংযুক্ত করতে হবে। | পরিচালক (প্রশাসন)/ সহকারী প্রোগ্রামার |
| ৩.৩ | 'প্রিকারসর কেমিক্যালস এর উৎপাদন/প্রক্রিয়াজাতকরণ, মজুদ ও পাইকারী বিক্রয় লাইসেন্স প্রদান' সংক্রান্ত নাগরিক সেবার ৪নং কলামে প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান অংশে **'বিনিয়োগ বোর্ডের অনুমতিপত্র'** এবং **'কারখানা লাইসেন্সের কপি'** অন্তর্ভুক্ত করতে হবে। | পরিচালক (নিরোধ শিক্ষা)/ সহকারী প্রোগ্রামার |
| ৩.৪ | 'প্রিকারসর কেমিক্যালস এর ব্যবহারের পারমিট অনুমোদন প্রদান' সংক্রান্ত নাগরিক সেবার ৪নং কলামে প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান অংশে **'বিনিয়োগ বোর্ডের অনুমতিপত্র'** এবং **'কারখানা লাইসেন্সের কপি'** অন্তর্ভুক্ত করতে হবে। | পরিচালক (নিরোধ শিক্ষা)/ সহকারী প্রোগ্রামার |

০৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮.০৫.২০২৩

(মো: মাসুদ হোসেন)
পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা)
(অতিরিক্ত দায়িত্ব)

নথি নং- ৫৮.০২.০০০০.০০৬.০৬.০৩২.১৩-১৭৫৪

তারিখ : ১৪ জ্যৈষ্ঠ, ১৪৩০ / ২৮ মে, ২০২৩

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃ:আ: অতিরিক্ত সচিব (অগ্নি অনুবিভাগ)]।
২) পরিচালক (প্রশাসন/অপারেশনস/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৩) চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
৪) প্রধান রাসায়নিক পরীক্ষক, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা।
৫) অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/ সিলেট/রংপুর/ময়মনসিংহ/গোয়েন্দা শাখা, প্রধান কার্যালয়, ঢাকা।
৬) উপপরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা/ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন/অপারেশনস/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/জেলা কার্যালয়/মেট্রো কার্যালয়/টেকনাফ বিশেষ জোন, ----------------------।
৭) বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৮) সহকারী পরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব/ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন/কমন সার্ভিস/নিরোধ শিক্ষা/গবেষণা ও প্রকাশনা/জনসংযোগ চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/জেলা কার্যালয়/মেট্রো কার্যালয়/টেকনাফ বিশেষ জোন, ----------------------।
৯) সহকারী প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০) স্টাফ অফিসার টু ডিজি (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১) অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২) অফিস কপি।

২৮/০৫/২৩

(দীপজয় খীসা)
সহকারী পরিচালক (প্রশাসন)